# তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি

আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও

রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।

## RFQ বিজ্ঞপ্তি

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/ডিভিশন | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় / জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ। |
| ২। | সংস্থা | তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (পেট্রোবাংলার একটি কোম্পানি)। |
| ৩। | প্রকিউরিং এন্টিটি | আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও। |
| ৪। | কাজের নাম | আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও আওতাধীন এলাকায় গ্যাস রাইজার কিলিং/ক্যাপিং করণ কাজ। |
| ৫। | সূত্র নং ও তারিখ | ২৮.১৩.০০০০.০০০.৫৯৯.৯৯.০০০৮.২৫ তারিখঃ ০৫-০৫-২০২৫ খ্রি. |
| ৬। | প্রকিউরমেন্ট মেথড | RFQ (Request for Quotation) |
| ৭। | অর্থায়নের উৎস | নিজস্ব অর্থায়ন। |
| ৮। | কোটেশন দাখিল/জমাদানের সর্বশেষ তারিখ ও সময় | ০৮-০৭-২০২৫ খ্রি. তারিখ, সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৯। | কোটেশন উন্মুক্তকরণের তারিখ ও সময় | ০৮-০৭-২০২৫ খ্রি. তারিখ, দুপুর ১২:০০ ঘটিকা। |
| ১০। | কোটেশন বিতরণ/সংগ্রহের স্থান | উপমহাব্যবস্থাপক এর দপ্তর, আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও, রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ অথবা কোম্পানির ওয়েবসাইট www.titasgas.gov.bd হতে। |
| ১১। | কোটেশন দাখিল/জমাদানের স্থান | উপমহাব্যবস্থাপক এর দপ্তর, আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও, রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ। |
| ১২। | কোটেশন উন্মুক্তকরণের স্থান | উপমহাব্যবস্থাপক এর দপ্তর, আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও, রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ। |
| ১৩। | কোটেশন দাখিলকারীর যোগ্যতা | তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি অথবা পেট্রোবাংলার আওতাধীন অন্যান্য গ্যাস কোম্পানীতে হালনাগাদ তালিকাভুক্ত ১.৩/১.৪ শ্রেণির গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদার। |
| ১৪। | কার্যসম্পাদনের সময়সীমা | কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩০ (ত্রিশ) পঞ্জিকা দিবস। |
| ১৫। | কোটেশন আহ্বানকারী কর্মকর্তা | |
| | নাম | প্রকৌ. মোহাম্মদ শাহাবুদ্দীন |
| | পদবী | উপমহাব্যবস্থাপক, আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও। |
| | ঠিকানা | রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ। |
| | যোগাযোগ | মোবাইল: 01939921120, ইমেইল: rmdsonargaon@gmail.com |
| ১৬। | কোটেশন গ্রহণ ও উন্মুক্তকরণের নির্ধারিত তারিখে সরকারী ছুটি বা অনিবার্য কারণবশতঃ বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে উপরোল্লিখিত স্থান ও সময়ে উপস্থিত দরদাতা / প্রতিনিধিদের সম্মুখে ( যদি কেহ থাকেন) দরপত্র গ্রহণ ও উন্মুক্ত করা হবে। | |
| ১৭। | কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন অথবা সকল কোটেশন বাতিল অথবা যেকোন কোটেশন গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে। | |

(প্রকৌ. মোহাম্মদ শাহাবুদ্দীন)

উপমহাব্যবস্থাপক

আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও

CS CamScanner

# তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

## কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (SRFQ)

[কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতি]

কাজের নাম: আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও আওতাধীন এলাকায় গ্যাস রাইজার কিলিং/ক্যাপিং করণ কাজ।

সূত্র নং ও তারিখ: ২৮.১৩.০০০০.০০০.৫৯৯.৯৯.০০০৮.২৫ তারিখঃ ০৫-০৫-২০২৫ খ্রি.

আরএফকিউ নম্বর: আবিবি-সোনারগাঁও/RFQ/রাইজার কিলিং-০১/২০২৫

**তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি**

তিতাস গ্যাস ভবন, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ,

কাওরান বাজার, ঢাকা-১২১৫

জুন-২০২৫ | পি ডব্লিউ-১ (এসআরএফকিউ)

CamScanner

# তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি

আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও
রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।

## আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও আওতাধীন এলাকায় গ্যাস রাইজার কিলিং/ক্যাপিং করণ কাজ এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল

কোটেশন নম্বর : ২৮.১৩.০০০০.০০০.৫৯৯.৯৯.০০০৮.২৫ তারিখ: ২৪-০৬-২০২৫ খ্রি.

প্রতি
[সম্ভাব্য দরপত্রদাতা]

১। তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর সংশ্লিষ্ট দপ্তরকে বর্ণিত কাজের জন্য তহবিল বরাদ্দ করা হয়েছে এবং উক্ত তহবিল গৃহীত কোটেশনের বিপরীতে সম্পাদিতব্য চুক্তির বাস্তবায়নে নির্ধারিত মূল্য পরিশোধে ব্যবহার করা হবে।

২। দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা পরিদর্শন করিতে পারিবে।

৩। ইউনিট-রেটের/থোক দরের ভিত্তিতে কোটেশন আহ্বান করা হইল।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং কার্য সম্পাদনে (যদি কার্যাদেশ দেওয়া হয়) কোনো জামানত যেমন, কোটেশন জামানত (অর্থাৎ প্রচলিত অর্থে অগ্রিম মূল্য, দরপত্র জামানত) এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে **০৮-০৭-২০২৫ খ্রি. সকাল ১১:০০ ঘটিকা বা ইহার পূর্বে** কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (উপমহাব্যবস্থাপক এর দপ্তর, আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও, রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ) দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও আওতাধীন এলাকায় স্থায়ী বিচ্ছিন্নযোগ্য গ্যাস রাইজার কিলিং/ক্যাপিং করণ কাজ এর জন্য কোটেশন এবং ০৮-০৭-২০২৫ খ্রি. দুপুর ১২:০০ ঘটিকা এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। নির্ধারিত বা উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী গ্রহণযোগ্য ও যৌক্তিক কারণে কোটেশন দাখিলের সময়সীমা অনধিক ১০ দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯। কার্য ও ভৌতসেবার পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (BOQ) অনুযায়ী কোটেশন দাখিল করিতে হইবে।

১০। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৬০ (ষাট) দিনের জন্য সকল কোটেশন অবশ্যই বৈধ থাকিবে।

১১। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হইবে না।

১২। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক, ফি, লেভি এবং বিদ্যমান আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। উদ্ধৃত দর টাকায় উল্লেখ করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তী সময়ে মূল্য পরিশোধও টাকায় করিতে হইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

CS CamScanner

১৪। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ **বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN) নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক সচ্ছলতার সনদসংক্রান্ত হালনাগাদ দলিলপত্রের সত্যায়িত অনুলিপি** দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৫। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের উপর ভিত্তি করিয়া কোটেশন মূল্যায়ন করিবে এবং চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৬। একক দর ভিত্তিতে কোটেশন দাখিলের ক্ষেত্রে, একক দর বা মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর বা মূল্য প্রাধান্য পাইবে। কথায় ও সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে, কথায় লিখিত দর বা মূল্য প্রাধান্য পাইবে। থোক মূল্যের ভিত্তিতে কোটেশন মূল্য উদ্ধৃতির ক্ষেত্রে, যদি সংখ্যা ও কথার মধ্যে ব্যতিক্রম পাওয়া যায়, তাহা হইলে কথায় লিখিত মূল্য প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক গাণিতিক সংশোধনের ক্ষেত্রে, দরপত্রদাতা গাণিতিক সংশোধন গ্রহণে বাধ্য থাকিবে।

১৭। কার্য ও ভৌতসেবা সম্পাদন শুরুর তারিখ হইতে **৩০(ত্রিশ) দিনের মধ্যে** সম্পন্ন করিতে হইবে।

১৮। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **০৭ (সাত)** দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করিবার জন্য কৃতকার্য দরপত্রদাতাকে আমন্ত্রণপত্র জারি করিতে হইবে। আমন্ত্রণপত্র জারি হইবার **০৭ (সাত)** দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করিতে হইবে।

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

**কোটেশন অনুরোধকারী কর্মকর্তার স্বাক্ষর**

নাম : প্রকৌ. মোহাম্মদ শাহাবুদ্দীন
পদবি : উপমহাব্যবস্থাপক, আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও।
ঠিকানা : রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।
ফোন নম্বর : মোবাইল: 01939921120, ই-মেইল: rmdsonargaon@gmail.com

<u>বিতরণ:</u>

১। উপব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক-নারায়গঞ্জ।
২। কোম্পানির ওয়েবসাইট।
৩। নোটিশ বোর্ড।
৪। দাপ্তরিক নথি।

CamScanner

# কোটেশন দাখিলপত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

আরএফকিউ নম্বর: আবিবি-সোনারগাঁও/RFQ/রাইজার কিলিং-০১/২০২৫ তারিখ: দিন/মাস/বৎসর

প্রতি
উপমহাব্যবস্থাপক, আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও
রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও আওতাধীন এলাকায় গ্যাস রাইজার কিলিং/ক্যাপিং করণ কার্য ও ভৌতসেবা চুক্তির শর্তাবলি অনুসারে সম্পাদন করিবার জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য ....... টাকা [সংখ্যায় ও কথায় উল্লেখ করুন]।

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা ইহা মানিতে বাধ্য থাকিব। আরএফকিউ এর বৈধতার মেয়াদ অতিক্রম হইবার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা (Legal Capacity) রহিয়াছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/ আমরা অনুচ্ছেদ ২৮(ঙ) তে বর্ণিত চুক্তির শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ননামে একটির বেশি কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, যতক্ষণ না আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হইবে, ততক্ষণ চুক্তি স্বাক্ষরের জন্য আপনার লিখিত পত্র আমাদের উপর বাধ্যকর হইবে।

আমি/আমরা [তারিখ লিখুন] তারিখে আপনার জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলপত্র (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমার/আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর
তারিখ :

CamScanner

## Bill of Quantities (BoQ)

Work Name : Gas Riser Killing/Capping under the area of Regional Sales Department-Sonargaon

| Serial No. | Description | Unit | Unit Price (Tk.) | Quantity | Total Cost (Tk.) |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6=(4x5) |
| 1 | Mobilization | | | | |
| | 1.1 Contractor Store for the period of works | Per month | | 1 month | |
| | 1.2 Contractor Equipment & Others for the period of works | Per month | | 1 month | |
| | 1.3 Contractor personnel (supervisor) for supervising the riser killing/ capping works. Also communicate and collecting road cutting permission for RHD/ City corporation/ LGED/ Union parishad for the period of works | Per month | | 1 month | |
| | 1.4 Carrying killing/ capping materials from Demra store to contractor's store (including loading & unloading of 3/4" to 6" dia, end cap, tape, primer as per requirement | L.S | | L.S | |
| 2 | Carrying of removed service line pipe from Contractor's store to Demra strore (Including loading & unloading of 3/4" to 6" dia pipe, flange etc. considering 5 trip a year as per direction of Engineer Incharge | Per trip | | 1 trip | |
| 3 | Supply of vihicle for Titas gas personnel (7 Seated A/C microbus with good condition, model at least 2014 or later). | Per month | | 1 month | |
| 4 | Supply of safety equipment (Fire extinguisher and related materials) for killing/ capping works for the period of works as per direction of Engineer Incharge | L.S | | 1 month | |
| 5 | Demobilization | | | | |
| | 5.1 Demobilization of contractor's equipment and machineries | L.S | | 1 month | |
| 6 | Earth cutting and disposal of soil (as per site condition and direction of Engineer Incharge). | Per Cu.m | | 150 cu.m | |

CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 7 | Service riser killing (PDC)/ Capping | | | | | |
| | 7.1 | 3/4" Dia | Per nos. | | 92 nos. | |
| | 7.2 | 2" Dia | | | 3 nos. | |
| | 7.3 | 3" Dia | | | 3 nos. | |
| | 7.4 | 4" Dia | | | 2 nos. | |
| 8 | Dewatering pump with fuel and operator | | Per day | | 10 days | |
| 9 | Removal of existing service line pipe from site | | | | | |
| | 9.1 | Service line length up to 3 meter | Per meter | | 80 meters | |
| 10 | Trial Hole | | | | | |
| | 10.1 | Size (Up to 5'× 3'× 6') | Per Nos. | | 20 nos. | |
| | 10.2 | Size (Up to 5'× 3'× 8') | Per Nos. | | 7 nos. | |
| | 10.3 | Size (Up to 5'× 3'× 10') | Per Nos. | | 6 nos. | |
| 11 | Material Requirement | | | | | |
| | 11.1 | End cap 3/4" dia. Sch-40 | Per nos. | Titas Gas Own finance | As per requirement | |
| | 11.2 | End cap 1" dia. | Per nos. | | | |
| | 11.3 | End cap 2" dia | Per nos. | | | |
| | 11.4 | End cap 3" dia | Per nos. | | | |
| | 11.5 | Primer | Liter | | | |
| | 11.6 | Tape (2" × 200) | Roll | | | |
| **Total Cost (In Words & Figure:)** | | | | | | |

**My/Our Offer is valid until dd/mm/yy [insert Quotation Validity date].**

______________________________

Signature of the Quotationer with Seal

Date: dd/mm/yy

Note:

1. **Low value and simple and all the components of the Works can be estimated but not accurately determined.**
2. **Works executed are re-measured for payments.**
3. **Col. 1, 2, 3 & 5 to be filled in by the Procuring Entity and Col. 4 & 6 by the Quotationer.**

CamScanner

# General Specifications

1.0 INTRODUCTION:

The Contractor shall perform works of Killing/Capping of permanently disconnectable 100 Nos. (½"Ø-92 nos, 2"Ø-03 nos, 3"Ø-03 nos, 4"Ø-02 nos) gas riser under the area of Regional Sales Department-Sonargaon.

2.0. SCOPE OF WORK TO BE EXECUTED BY THE CONTRACTOR:

The Contractor is to mobilize equipment and personnel at site. Materials listed in the bill of materials will be issued free of cost from the Company's store and Contractor shall transport required materials to job site. The Contractor shall provide materials storage yards. Contractor shall provide, among others but not restricted to the following services related to the Gas Riser Killing/Capping:

- Excavate the trench mechanically.
- Communicate & collecting road cutting permission from the relevant authorities for the period of work.
- Removed the existing service line pipe from site.
- Dewatered by pump where necessary.
- Backfill the trench with tamped backfill;
- Installed end cap in each riser killing/capping operation.
- Wrapped with primer & tape and covered with adequate sand.
- For the customers whose riser killing work cannot be carried out due to unavailability of road cutting permission, riser capping must be carried out instead. In case of riser capping, End cap must be installed at cutting point beyond the customer's premises and at the edge of the road.

3.0. Hauling of Pipes and Materials:

3.1. Protective Coating:

All pipes, fittings and field joints are to receive a protective coating as specified in technical specification TR CON 0040. 0.

3.2. Welding and Welding Inspection:

Butt welded joints in the line pipes and fittings done above/or below ground shall include beveling, cutting, fabrication, end wall thickness reducing/ re-beveling required for any reason and cost of all electrode Welding and the inspection of welding shall be governed by Technical specification TR. CON. 0030.0.

CamScanner

4.0 PROVISION BY THE COMPANY:

The Company shall provide required End Cap, Primer & Tape.

5.0. PROVISION BY THE CONTRACTOR:

The Contractor shall provide among others but not limited to the following for efficient execution of the work:

5.1. All necessary machinery & equipment, vehicles, accessories, tools etc.

5.2. All consumables such as welding electrodes, paints, POL, skids etc. The category of electrodes to be used are:

a) 3.15 mm dia to 3.25 mm dia Fleet weld 5P or equivalent Electrode as per AWS A5.1-69 of Code E 6010.

b) 4.00 mm dia shield Arc-85 or equivalent Electrode as per AWS A5.5-69 of Code E 7010.

c) 4.8 mm or 5.00 mm dia shield Arc-85 or equivalent Electrode as per AWS A 5.5-69 of Code E 7010.

5.3. All materials for Civil Works.

5.4. All materials for adequate safety measure such as Fire extinguisher & related materials.

5.5. Required manpower.

5.6. Electricity for lighting and drinking water etc. at work site.

5.7. Communicate & collecting road cutting permission from the relevant authorities (RHD/City Corp./LGED/Union Parishad) for the period of work.

5.8. Any other services/ facilities as required under Special Conditions of the Contract.

CamScanner

# তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি

আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও
রূপসী, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।

## চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণপত্র

[পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭৩ (৫)]

আরএফকিউ নং: আবিবি-সোনারগাঁও/RFQ/রাইজার কিলিং-০১/২০২৫

স্মারক নম্বর : ২৮.১৩.০০০০.০০০.৫৯৯.৯৯.০০০৮.২৫ তারিখ : দিন/মাস/বৎসর

প্রতি
**[ঠিকাদারের নাম ও ঠিকানা]**

আপনাকে এই মর্মে অবহিত করা হইতেছে যে, আঞ্চলিক বিক্রয় বিভাগ-সোনারগাঁও আওতাধীন এলাকায় গ্যাস রাইজার কিলিং/ক্যাপিং করণ কার্য ও ভৌতসেবা সম্পাদনের জন্য আপনার [তারিখ লিখুন] তারিখের কোটেশনের পরিপ্রেক্ষিতে যথাযথ সংশোধিত চুক্তিমূল্যে [সংখ্যা ও কথায় মূল্য লিখুন] উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়াছে।

আপনাকে এই আমন্ত্রণপত্র ইস্যু হইবার ০৭ (সাত) দিনের মধ্যে, তবে কোনোক্রমেই [তারিখ লিখুন] তারিখের পরে নহে, নিম্নস্বাক্ষরকারীর অফিসে চুক্তি স্বাক্ষরের জন্য উপস্থিত থাকিতে অনুরোধ করা হইতেছে।

কেবল চুক্তি স্বাক্ষরের পর আপনি কার্যের বাস্তবায়ন শুরু করিতে পারিবেন। আপনাকে আরও অবগত করা হইতেছে যে, এই আহ্বানপত্র চুক্তিসম্পাদনের শর্ত হিসাবে গণ্য হইবে যাহা আইনগতভাবে আপনার জন্য বাধ্যতামূলক।

এতৎসঙ্গে খসড়া চুক্তি ও অন্যান্য দলিল আপনার পর্যবেক্ষণের জন্য সংযুক্ত করা হইল।

| | |
|---|---|
| | ক্রয়কারীর নাম, পদবি ও স্বাক্ষর |
| সংযুক্তি : খসড়া চুক্তি | তারিখ : দিন/মাস/বৎসর |

# চুক্তিপত্র

এই চুক্তিপত্র [ক্রয়কারীর নাম ও ঠিকানা] (অতঃপর ক্রয়কারী হিসাবে অভিহিত) একপক্ষ এবং [ঠিকাদারের নাম ও ঠিকানা] (অতঃপর ঠিকাদার হিসাবে অভিহিত) অন্যপক্ষের মধ্যে [বৎসর] সালের [মাস] মাসের [তারিখ] তারিখে সম্পাদিত।

যেহেতু ক্রয়কারী সুনির্দিষ্ট কার্য ও ভৌতসেবার অর্থাৎ (কার্য ও ভৌতসেবার সংক্ষিপ্ত বর্ণনা) এর জন্য কোটেশন আহ্বান করিয়াছেন এবং ঠিকাদার কর্তৃক [অঙ্কে ও কথায় চুক্তিকৃত দর] (অতঃপর চুক্তি দর হিসাবে অভিহিত) উক্ত কার্য ও ভৌতসেবা সরবরাহ করিবার জন্য কোটেশন গৃহীত হইয়াছে;

সেহেতু এক্ষণে নিম্নরূপ চুক্তি সম্পাদন করা হইল:

১। এই চুক্তিপত্রে উল্লিখিত শব্দ ও অভিব্যক্তি চুক্তির সাধারণ শর্তাবলির ন্যায় একই অর্থ প্রকাশ করিবে।

২। চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন দলিলের মধ্যে অগ্রগণ্যতার ক্রম হইবে নিম্নরূপ:

(ক) স্বাক্ষরিত চুক্তিপত্র;

(খ) আহ্বানপত্র;

(গ চুক্তির শর্তাবলি;

(ঘ) বিনির্দেশসমূহ;

(ঙ) নকশা ও ডিজাইন;

(চ) কার্যের মূল্যযুক্ত পরিমাণগত হিসাব সংবলিত তফসিল;

(ছ) চুক্তির যেকোনো অংশে উল্লিখিত অন্যান্য দলিল।

৩। এতদ্দ্বারা ঠিকাদার ক্রয়কারীর নিকট অঙ্গীকার করিতেছে যে, ক্রয়কারী কর্তৃক ঠিকাদারকে নিম্নের বর্ণনা অনুযায়ী পরিশোধতব্য অর্থের বিনিময়ে, চুক্তির বিধান মোতাবেক সর্বতোভাবে কার্য ও ভৌতসেবা সম্পাদন ও সম্পন্ন করিবে এবং যেকোনো ত্রুটিজনিত দায় সংশোধন করিবে।

৪। ক্রয়কারী এতদ্দ্বারা অঙ্গীকার করিতেছে যে, ঠিকাদার কর্তৃক চুক্তি মোতাবেক কার্য ও ভৌতসেবা সম্পাদন এবং প্রয়োজনীয় সংশোধন কার্য সম্পন্ন করিলে চুক্তিতে নির্ধারিত সময় ও পদ্ধতিতে ঠিকাদারকে চুক্তিমূল্য বা চুক্তি মোতাবেক প্রদেয় অন্যান্য মূল্য পরিশোধ করিবে।

সাক্ষীগণের সম্মুখে পক্ষগণ উল্লিখিত দিন, মাস ও বৎসরে বাংলাদেশের আইন অনুসারে এই চুক্তি স্বাক্ষর করিল।

| | ক্রয়কারীর জন্য | ঠিকাদারের জন্য |
|---|---|---|
| স্বাক্ষর: | | |
| নাম: | | |
| পদবি: | | |
| জাতীয় পরিচয়পত্র নং: | | |
| উপস্থিত ব্যক্তির নাম: | | |

CamScanner

# চুক্তির শর্তাবলি

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি চুক্তিবদ্ধ উভয়পক্ষ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধান প্রযোজ্য হইবে।

৩। ঠিকাদারকে চুক্তি স্বাক্ষরিত হওয়ার ০৩ **(তিন)** দিনের মধ্যে কাজ শুরু এবং ৩০ **(ত্রিশ)** দিনের মধ্যে চুক্তির বিধান অনুসারে সর্বোতভাবে সম্পন্ন করিতে হইবে।

৪। ঠিকাদার অবিলম্বে ক্রয়কারীকে কার্যের একটি কর্মসূচি দাখিল করিবে যাহাতে সকল কার্য এবং কার্যের আইটেমসমূহের সম্পাদনের সময় উল্লেখ থাকিবে।

৫। ঠিকাদার আনুপাতিক হারে কার্যের অগ্রগতি বজায় রাখিবে এবং সম্পাদিত কার্যের মূল্যের ভিত্তিতে অগ্রগতি নির্ধারণ করা হইবে।

৬। যদি ক্রয়কারী সাইট হস্তান্তর করিতে বিলম্ব করে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য অন্য কোনো যুক্তিসংগত ও যথাযথভাবে লিপিবদ্ধ কারণ থাকে, তাহা হইলে প্রত্যাশিত কার্য সমাপ্তির সময়সীমা বর্ধিত করা যাইবে।

৭। ক্রয়কারী ঠিকাদার কর্তৃক কাজসমূহ পরীক্ষা ও সত্যায়িত করিবে এবং সনাক্তকৃত যেকোনো ত্রুটি সম্পর্কে ঠিকাদারকে অবগত করিবে।

৮। কোনো টেস্টিং ও পরীক্ষা সত্ত্বেও, ক্রয়কারী চাক্ষুষ পরিদর্শন বা মাঠ পর্যায়ের পরীক্ষা দ্বারা ঠিকাদারকে নিম্নোক্ত নির্দেশ প্রদান করিতে পারিবে:

(ক) চুক্তি অনুযায়ী হয় নাই এমন কার্য বা উহার অংশের অপসারণ ও প্রতিস্থাপন;

(খ) চুক্তি অনুযায়ী হয় নাই এমন কার্য বা উহার অংশের অপসারণ ও পুনঃসম্পাদন ; এবং

(গ) কার্যের নিরাপত্তার জন্য জরুরিভাবে প্রয়োজনীয় যেকোনো কার্য সম্পাদন।

৯। ঠিকাদার চলমান কার্যের বিপরীতে সম্পাদিত কার্যের প্রাক্কলিত মূল্য হইতে পূর্ববর্তী সনদে প্রত্যয়িত ক্রমপুঞ্জিত মূল্য বাদ দিয়া মাসিক চালান (invoice) ক্রয়কারীর নিকট দাখিল করিবে।

১০। ঠিকাদার প্রযোজ্য আইনের অধীন সকল কর, শুল্ক, ফি এবং অন্যান্য লেভি পরিশোধের জন্য সম্পূর্ণরূপে দায়ী থাকিবে।

১১। অন্য কোনো রীতিনীতি থাকা সত্ত্বেও, পরিমাপ পদ্ধতি ও পরিশোধের ধরন কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ অনুসারে নিম্নবর্ণিত যেকোনো ধরনের চুক্তির ভিত্তিতে নির্ধারিত হইবে:

**একক দর ভিত্তিতে**

কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ অনুসারে প্রকৃত সম্পাদিত কার্যের প্রতিটি আইটেমের নিট পরিমাণ পরিমাপ করিতে হইবে। প্রথম ধারাবাহিক মূল্য পরিশোধ কেবল বিশ (২০) শতাংশ অগ্রগতি অর্জনের পর করা হইবে। ক্রয়কারী ঠিকাদারকে টাকায় মূল্য পরিশোধ করিবে এবং ঠিকাদার কর্তৃক চুক্তির সকল বাধ্যবাধকতা পূরণ সাপেক্ষে, চূড়ান্ত মূল্য পরিশোধ করা হইবে।

CS CamScanner

অথবা

**থোক মূল্যের ভিত্তিতে**

থোক মূল্য পরিশোধ তিনটি কিস্তিতে করা হইবে: প্রথম ধারাবাহিক মূল্য পরিশোধ ত্রিশ (৩০) শতাংশ কার্য সম্পন্ন হইলে করা হইবে, দ্বিতীয় ধারাবাহিক মূল্য পরিশোধ ক্রমপুঞ্জিত পঁচাত্তর (৭৫) শতাংশ কার্য সম্পন্ন হইলে এবং অবশিষ্ট পঁচিশ (২৫) শতাংশ মূল্য পরিশোধ করা হইবে ১০০% কার্য সম্পাদন করা হইলে এবং ক্রয়কারী কর্তৃক যথাযথভাবে প্রত্যয়িত হইবার পর। ঠিকাদার চুক্তির সকল বাধ্যবাধকতা পূরণ করিলে, ক্রয়কারী ঠিকাদারকে টাকায় চূড়ান্ত মূল্য পরিশোধ করিবে।

১২। ঠিকাদারের দর বা মূল্যে মুনাফা, ওভারহেড, সকল ধরনের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩। মোট চুক্তিমূল্য [সংখ্যায় ও কথায়] টাকা।

১৪। অতিরিক্ত কার্যাদেশের অধীন কোনো কার্যের অনুমতি দেওয়া যাইবে না এবং, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৯(১) এবং ৬৯(৬) এর দফা (ক) ও (গ) সাপেক্ষে ভেরিয়েশন আদেশের অধীন কার্য (থোক ভিত্তি ছাড়া) কোনোক্রমেই চুক্তিমূল্যের পনেরো (১৫) শতাংশের অধিক হইতে পারিবে না।

১৫। প্রয়োজন হইলে ক্রয়কারী বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনসমূহ মূল চুক্তিতে সংযোজন করিয়া পরবর্তী সময়ে চুক্তি সংশোধন করিতে পারিবে।

১৬। ক্রয়কারী ঠিকাদারের প্রতিটি চলতি মূল্য পরিশোধের বিবরণী হইতে রক্ষণযোগ্য অর্থ (retention money) (অর্থাৎ প্রচলিত অর্থে নিরাপত্তা জামানত) হিসাবে দশ (১০) শতাংশ হারে জমা বা কর্তন করিয়া রাখিতে পারিবে।

১৭। ঠিকাদার নোটিশের মাধ্যমে ক্রয়কারীর নিকট কার্য সমাপ্তির সনদ ইস্যুর জন্য আবেদন করিবে এবং ক্রয়কারীও কার্য যথাযথভাবে সম্পন্ন হওয়া সাপেক্ষে উহা জারি করিবে।

১৮। ঠিকাদারের আবেদন প্রাপ্তির সাত (৭) কার্যদিবসের মধ্যে ক্রয়কারী:

(ক) চুক্তি অনুযায়ী কার্য সম্পন্ন হইয়াছে মর্মে সমাপ্তির সনদ ঠিকাদার বরাবর ইস্যু করিবে; অথবা

(খ) কারণ উল্লেখপূর্বক ও সমাপ্তির সনদ ইস্যুকরণার্থে যে সকল কার্যসমূহ সম্পাদন করা/পুনরায় করা প্রয়োজন উহা উল্লেখ করিয়া ঠিকাদারের আবেদন বাতিল করিবে।

১৯। ক্রয়কারী কার্য সম্পাদন সনদ ইস্যু করিবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সাইট এবং কার্য গ্রহণ করিবে।

২০। ঠিকাদার কর্তৃক চূড়ান্ত মূল্য পরিশোধের আবেদনের চৌদ্দ (১৪) দিনের মধ্যে ক্রয়কারী প্রয়োজনীয় সংশোধন বা সংযোজনের পরিসর উল্লেখ করিয়া ত্রুটি সংশোধনের সনদ ইস্যু করিতে পারিবে।

২১। ক্রয়কারী কর্তৃক কার্য সমাপ্তির সনদ ইস্যুর তারিখ হইতে কার্যের ত্রুটিজনিত দায়ের মেয়াদ **৩ (তিন) মাস** হইবে।

২২। ত্রুটিজনিত দায়ের মেয়াদ উত্তীর্ণ হইবার পর এবং এই মেয়াদ শেষ হইবার পূর্বে ক্রয়কারী কর্তৃক ঠিকাদারকে নোটিশকৃত সকল ত্রুটি সংশোধন করা হইয়াছে মর্মে ক্রয়কারী ত্রুটি সংশোধন সংক্রান্ত সনদ ইস্যু করিবে।

২৩। ক্রয়কারী কর্তৃক নোটিশকৃত ক্রটি সংশোধন না হওয়া পর্যন্ত ত্রুটিজনিত দায়ের মেয়াদ সম্প্রসারিত হইবে।

CamScanner